গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়
গভ. মুসলিম হাই স্কুল, চট্টগ্রাম
Govt. Muslim High School
Chittagong # 4000, Bangladesh.
Established: 1909
Web: www.gmhsctg.edu.bd, email: gov.muslimhigh_ctg@yahoo.com
☎: 880-31-637979
স্কুল কোড: 3050

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট উপবৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি।

এতদ্বারা অত্র বিদ্যালয়ে ৬ষ্ঠ -১০ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কৃর্তক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধিনে দরিদ্র ও মেধারী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তা প্রদান করা হয়। ভর্তি সহায়তা প্রাপ্তি জন্য ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণির শিক্ষার্থীদের ই-ভর্তি সহায়তা ব্যবহার নির্দেশিকা অনুসরণ পূর্বক প্রয়োজনীয় কাগজপত্র আপলোড করে আগামী ২৮/০২/২০২২ খ্রি. তারিখের মধ্যে আবেদন সম্পূর্ন করার জন্য নির্দেশ দেওয়া গেল।

(www.eservice.pmeat.gov.bd/admission)

'কপি সংযুক্ত'

22.2.22
(মোহা. আবদুর রহমান)
প্রধান শিক্ষক(ভারপ্রাপ্ত)
গভ. মুসলিম হাই স্কুল, চট্টগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd;ফ্যাক্স: ০২-৮১৯১০১৯

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৩.৭৫.০০২.২০.১১

তারিখ: ৪ ফাল্গুন ১৪২৮
১৭ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: **৬ষ্ঠ-১০ম শ্রেণির শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তার আবেদন অনলাইনে গ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের অধিনে অধ্যয়নরত ৬ষ্ঠ-১০ম শ্রেণিতে ভর্তিকৃত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তা প্রদান করা হয়। গত ২৬ জানুয়ারি ২০২২ তারিখ থেকে হার্ড কপির পরিবর্তে শিক্ষার্থীদের নিকট থেকে অনলাইনে আবেদন গ্রহণ করা হচ্ছে।

২। ভর্তি সহায়তা প্রাপ্তির জন্য ৬ষ্ঠ-১০ম শ্রেণির শিক্ষার্থীদের **(www.eservice.pmeat.gov.bd/admission)**-লিংকে প্রবেশ করে অনলাইনে আবেদন করতে হবে। ই-ভর্তি সহায়তার ব্যবহার নির্দেশিকা অনুসরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র আপলোড করে আগামী **২৮/০২/২০২২ খ্রি: তারিখ পর্যন্ত** সিস্টেম ব্যবহার করে আবেদন করতে বলা হলো।

৩। এমতাবস্থায়, ৬ষ্ঠ-১০ম শ্রেণিতে ভর্তিকৃত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের ভর্তি সহায়তা প্রাপ্তির জন্য সিস্টেম (www.eservice.pmeat.gov.bd/admission)- ব্যবহার করে অনলাইনে এ সংক্রান্ত কাজ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্তি: ভর্তি সহায়তা নির্দেশিকা, ২০২০।

১৭-২-২০২২
মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ
সহকারী পরিচালক
ফোন: ০২-৫৫০০০৪২৮
ইমেইল: ad.stipend@pmeat.gov.bd

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস (সকল) (সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান সমূহকে বিষয়টি অবহিত করার অনুরোধসহ)

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৩.৭৫.০০২.২০.১১/১(১৮৫)

তারিখ: ৪ ফাল্গুন ১৪২৮
১৭ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)::
১) জেলা শিক্ষা অফিসার (সকল)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

নং-৩৭.২৪.০০০০.০০১.২২.০০২.১৮-৫৫

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
২৩ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: "দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২০"।

অর্থের অভাবে শিক্ষার সুযোগ বঞ্চিত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা নিশ্চিত করা প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের লক্ষ্য। বর্তমানে ট্রাস্টের মাধ্যমে শিক্ষার্থীদের বিভিন্ন ধরণের আর্থিক সহায়তা প্রদান করা হচ্ছে। বিশেষ করে, অর্থের অভাবে যে সকল দরিদ্র ও মেধাবী শিক্ষার্থী শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হতে পারেন না, তাদের ট্রাস্টের অর্থে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা প্রদান করা হচ্ছে। এ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নিম্নোক্ত নির্দেশিকা (guideline) জারি করা হলো:

২। **শিরোনাম:** এ নির্দেশিকা "দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২০" নামে অভিহিত হবে।

৩। **প্রয়োগ ও প্রবর্তন:**

ক) এ নির্দেশিকা জারির তারিখ হতে কার্যকর হবে;

খ) ৬ষ্ঠ থেকে স্নাতক ও সমমান পর্যায়ের দরিদ্র ও মেধাবী ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জন্য এ নির্দেশিকা প্রযোজ্য হবে।

৪। **সংজ্ঞা:** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকলে এ নির্দেশিকায়:

ক) 'বাছাই কমিটি' অর্থ - আর্থিক সহায়তা প্রদানের জন্য প্রাপ্ত আবেদনপত্র বাছাইয়ের লক্ষ্যে এ নির্দেশিকার ৯ নং অনুচ্ছেদ অনুযায়ী গঠিত কমিটি;

খ) 'আর্থিক সহায়তা' অর্থ - এ নির্দেশিকায় বর্ণিত ভর্তিচ্ছু শিক্ষার্থীদেরকে প্রদত্ত আর্থিক অনুদান;

গ) 'শিক্ষার্থী' অর্থ - ৬ষ্ঠ থেকে স্নাতক ও সমমান পর্যায়ের ভর্তিচ্ছু শিক্ষার্থী;

ঘ) 'আবেদনপত্র' অর্থ - ট্রাস্ট কর্তৃক আবেদনের নির্ধারিত ফরম;

ঙ) 'দরিদ্র' অর্থ - ৬ষ্ঠ থেকে স্নাতক ও সমমান পর্যায়ের শিক্ষার্থীর মধ্যে যাদের পিতা/মাতা/অভিভাবকের বার্ষিক আয় দুইলক্ষ টাকার কম (বেসামরিক চাকুরীজীবী পিতা/মাতা/অভিভাবকের ক্ষেত্রে 'জাতীয় বেতন স্কেল, ২০১৫' অনুযায়ী গ্রেড ১৩ থেকে ২০);

চ) 'মেধাবী' অর্থ - পূর্বের শ্রেণিতে শতকরা ন্যূনতম ৬০ ভাগ নম্বরপ্রাপ্ত শিক্ষার্থী; এবং

ছ) 'কর্তৃপক্ষ' অর্থ - প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক।

৫। **তহবিল গঠন:** ট্রাস্টের অর্থে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের ভর্তির সুযোগ করে দেয়ার লক্ষ্যে প্রাথমিক পর্যায়ে ট্রাস্টের এফডিআরকৃত অর্থের সুদ/লভ্যাংশের অর্থ থেকে ৫০ (পঞ্চাশ) কোটি টাকা বর্তমানে পরিচালিত ("PMEAT POOR & BRILLIANT STUDENTS ASSISTANCE FUND") তহবিলে যুক্ত হবে। পরবর্তীতে প্রাপ্ত যে কোনো অনুদানের অর্থ, দানবীর/সমাজ হিতৈষী কোনো ব্যক্তির আর্থিক অনুদান এবং ট্রাস্ট তহবিলের সুদ/লভ্যাংশের অর্থ এ তহবিলে যুক্ত হবে।

৬। **তহবিল পরিচালনা ও ব্যবস্থাপনা:** ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের একক স্বাক্ষরে এ তহবিল পরিচালিত হবে। আবেদন প্রাপ্তির পর যাচাই-বাছাই করে উপযুক্ত বিবেচিত হলে মাধ্যমিক ও সমমান পর্যায়ে শিক্ষার্থী প্রতি ৫,০০০ (পাঁচ হাজার) টাকা, উচ্চ মাধ্যমিক ও সমমান পর্যায়ে ৮,০০০ (আট হাজার) টাকা এবং স্নাতক ও সমমান পর্যায়ের শিক্ষার্থীদের ১০,০০০ (দশ হাজার) টাকা হারে ভর্তির জন্য আর্থিক সহায়তা প্রদান করা হবে। উক্ত সহায়তার অর্থ এফডিআরকৃত ৫০ (পঞ্চাশ) কোটি টাকার সুদ/লভ্যাংশ থেকে প্রদান করা হবে।